R N. No. 2532/57

Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টাটার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

১৭শ বর্ষ
৮ম সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৫শে আষাঢ় বুধবার, ১৩৭৭ সাল
৯ই জুলাই ১৯৭০ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯, সডাক ১০

## মহকুমার সাতটি ব্লকের পাঁচটিতে পঞ্চায়েত উপনির্বাচন

বিশেষ প্রতিনিধি : ২০ জুলাই পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের উপনির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। এই নির্বাচন জঙ্গিপুর মহকুমার সাতটি ব্লকের মধ্যে পাঁচটিতেই হবে। মোট ৬টি আসনে উপনির্বাচন হবে—গ্রামসভার পাঁচটি ও পঞ্চায়েত সমিতির একটি আসনে। সরকারী সূত্রে জানা গেছে, মহকুমার এই নির্বাচন অনুষ্ঠিত হবে রঘুনাথগঞ্জ ১নং ব্লকের দফরপুর গ্রাম পঞ্চায়েতের একটি আসনে, রঘুনাথগঞ্জ ২নং ব্লকের বড়াশিমুল-দয়ারামপুর গ্রাম পঞ্চায়েতের একটি আসনে, সামসেরগঞ্জ ব্লকের বোগদাদনগর গ্রাম পঞ্চায়েতে একটি আসনে, ফরাক্কা ব্লকের বেনিয়াগ্রাম গ্রাম পঞ্চায়েতের একটি আসনে এবং সাগরদীঘি ব্লকের মোরগ্রাম গ্রাম পঞ্চায়েতে একটি ও সাগরদীঘি পঞ্চায়েত সমিতির কাবিলপুরের একটি আসনে। মনোনয়নপত্র দাখিলের কাজ ঠিক সময়ে সম্পন্ন হয়েছে। এখন শুধু নির্বাচনের দিনটির জন্য অপেক্ষা। ভোট গ্রহণের জন্য উল্লিখিত গ্রাম পঞ্চায়েতগুলিতে পনেরটি ভোট গ্রহণ কেন্দ্র খোলা হচ্ছে। বেসরকারী সূত্রের খবর অনুযায়ী প্রায় সমস্ত রাজনৈতিক দলই আসনগুলিতে তাঁদের মনোনীত প্রার্থী দাঁড় করিয়েছেন। এর মধ্যে মূল লড়াই হবে বামফ্রন্টের শরিক দলগুলির সঙ্গে ইন্দিরা কংগ্রেস দলের। সর্বত্র এখন এই দুই দলের মোড়লি চোখে পড়ছে। এক পক্ষ অন্যর ঘাড়ে দোষ চাপাচ্ছেন। পঞ্চায়েতে নানারকম দুর্নীতির অভিযোগ তুলে ধরছেন ইন্দিরা কংগ্রেস দল বামফ্রন্ট বিশেষ করে সি পি এম-এর বিরুদ্ধে। অন্যদিকে বাজেটে করের বোঝা, তেল-চিনির মূল্যবৃদ্ধি, রেলের ভাড়া বৃদ্ধির জন্য

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## প্রকাশ্যে রেলসেতুর লোহা পাচার

অরঙ্গাবাদ, ৯ জুলাই—অভিশপ্ত ফল্গু নদীর ওপর সেই রেলসেতুর লোহা এক-দল দুষ্কৃতকারী খুলে খুলে পাচার করছে বলে সুতি থানার জেহেলিনগর, আলমপুর, রসুনপুর ও বাঙ্গাবাড়ীর গ্রামবাসীরা অভিযোগ করেছেন। তাঁরা জানিয়েছেন, রঘুনাথগঞ্জ থানার কানুপুর গ্রামের একটি চক্র মঙ্গলজনের একজন অসাধু লোহা ব্যবসায়ীর মাধ্যমে রেলসেতুর লোহা প্রকাশ্যে খুলে নিয়ে এসে পাচার করছে। গ্রামবাসীরা ভয়ে দুষ্টচক্রের বিরুদ্ধে মুখ খুলতে পারছেন না। অথচ এই সেতুর ওপর গত বছরের রেল দুর্ঘটনার পর থেকে গ্রামবাসীদের ফল্গু পার হতে বেশ বেগ পেতে হচ্ছে। কারণ ওই দুর্ঘটনায় ফুট ব্রীজ ভেঙে কাটোয়া-বারহারোয়া প্যাসেঞ্জারের দুটি বগি ফল্গু নদীতে পড়ে। রেল কর্তৃপক্ষ ফুট ব্রীজ মেরামতের কাজে হাত দেওয়ার পর লোহাচোরের দল সক্রিয় হয়। তারা প্রয়োজনীয় লোহা খুলে নিয়ে পাচার করতে থাকে। ফলে কাজ আর সম্পূর্ণ হয় না। শুধু রেলসেতুর লোহাই নয়, নদীর তীর থেকে দুর্ঘটনায়

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## যাদবদের উপর অত্যাচারের অভিযোগ

ধুলিয়ান, ৯ জুলাই—রঘুনাথগঞ্জ থানার বাইন্ধা গ্রামের যাদব সম্প্রদায় সেখান-কার একটি রাজনৈতিক দল ও তার নেতৃত্বের হাতে অত্যাচারিত হচ্ছেন বলে ফরাক্কা-সামসেরগঞ্জ থানা যাদবসভার পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। জানানো হয়েছে, এই নেতৃত্ব যাদব সম্প্রদায়কে গ্রামছাড়া করার উদ্দেশ্যে কুয়োর জলে কেরোসিন তেল ও ডিজেল দিয়ে পানীয় জল দূষিত করছেন, পুকুরের জলে বিষাক্ত রাসায়নিক পদার্থ মিশিয়ে গবাদি পশুর পানীয় জল সমস্যার সৃষ্টি ও মাছ চাষে বাধা দেওয়ার চেষ্টা করছেন, পুকুরের মাছ ও জমির বীজতলা লুঠ এবং হাঁস-মুরগি-ভেড়া-ছাগল চুরি করাচ্ছেন। এই মর্মে গ্রামের ৩৯ জনের স্বাক্ষর সম্বলিত বারো দফার একটি অভিযোগপত্র যাদবসভার কাছে পেশ করা হয়েছে। তাতে বলা হয়েছে, থানায় অভিযোগ করেও কোন ফল

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## খুনের বদলে খুন

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ থানার রাণীনগরে ৬ জুলাই রাত্রে আমীন সেখ নামে এক চোর জালালুদ্দিনের বাড়ীতে চুরি করতে গিয়ে গৃহস্বামীর হাতে ধরা পড়ে। ধস্তাধস্তির সময় গৃহ-স্বামীর দেড় মাসের শিশুকন্যাকে আঘাত লাগে। হাসপাতালে নিয়ে যাওয়ার পর তার মৃত্যু ঘটে। গ্রামে শিশুকন্যার মৃত্যু সংবাদ পৌঁছান মাত্র উত্তেজিত গ্রামবাসীরা আমীন সেখকে পিটিয়ে মেরে ফেলে। খবরটি পুলিশ সূত্রের।

**রেডিওর জন্য খুন :** ৫ জুলাই সকালে সাগরদীঘি থানার গাদী গ্রামের সাবু সেখ রঘুনাথগঞ্জ থানার ইলিয়াসপুরের কাছে তার এক বন্ধুর ছুরিকাঘাতে আহত হয়। রাজানগর স্বাস্থ্যকেন্দ্রে ভর্তির পর তার মৃত্যু ঘটে। পুরনো একটি রেডিওর জন্য এই হত্যাকাণ্ড সংঘটিত হয় বলে জানা যায়।

**আরো খুন :** ৬ জুলাই গভীর রাত্রে সামসেরগঞ্জ থানার খেজুরতলায় হাফিজুর রহমান নামে একজন গ্রাম-বাসী সাতজন আততায়ীর হাতে খুন হন। আততায়ীরা বাড়ী চড়াও হয়ে তাঁকে খুন করে। তারা আর এস পি ও ইন্দিরা কংগ্রেস দলের সমর্থক বলে পুলিশ সূত্রে জানা যায়।

## এ ডি এম এর গাড়ী উধাও, পরে উদ্ধার

সংবাদদাতা, বহরমপুর : চার জুলাই সকালে মুর্শিদাবাদের অতিরিক্ত জেলা শাসকের গাড়ীটি চুরি গেলে চারিদিকে হৈ-চৈ পড়ে যায়। জানা যায়, ঘটনার দিন গাড়ীচালক জেলা শাসকের অফিসের সামনে স্কোয়ার ফিলডে এ ডি এমের গাড়ীটি দাঁড় করিয়ে চাবি না নিয়েই পান কিনতে যান। এসে দেখেন গাড়ীটি নাই। সঙ্গে সঙ্গে সর্বত্র ওই সংবাদ ছড়িয়ে পড়ে। পশ্চিমবঙ্গে সমস্ত থানায় খবর পাঠানো হয়। পুলিশের গাড়ী ছোটাছুটি শুরু

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## অপসারণের চেষ্টা

জঙ্গিপুর, ৯ জুলাই —রঘুনাথগঞ্জ পূর্ব-চক্রের অবর বিদ্যালয় পরিদর্শকের প্যানেলভুক্ত প্রধান শিক্ষকদের তালিকা অনুযায়ী বাহুচক, নূতন কাদিকোলা, নবাবজায়গীর, কালীতলা, গিরিয়া, জালালপুর, ২নং লবণচোয়া ও সেকেন্দ্রা প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকদের নিয়োগ করা হয়। এখন তাঁদের অপসারণের উদ্দেশ্যে একটি ঘৃণ্য চক্রান্ত শুরু হয়েছে বলে অভিযোগ

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বিদ্যালয় বিধ্বস্ত

রঘুনাথগঞ্জ, ৯ জুলাই—রঘুনাথগঞ্জ ২নং ব্লকের কাশিয়াডাঙা-দুর্গাপাড়া প্রাথ-মিক বিদ্যালয়টি সম্প্রতি ধসে পড়েছে। কাশিয়াডাঙা গ্রাম পঞ্চায়েতের তত্ত্ব-বধানে আঠারো হাজার টাকা খরচ করে বিদ্যালয়টি তৈরী করা হয়েছিল। গ্রামবাসীরা তদন্তের দাবি জানিয়ে অভিযোগ করেছেন, মাত্র তিন ইঞ্চি ভিতের ওপর ৩ন ইটে কাদার গাঁথনি দিয়ে বিদ্যালয়টি তৈরী করা হয়েছিল তাঁদের ধারণা, ব্যাপক কারচুপির ফলে বিদ্যালয়টির এই হাল হয়েছে।

পণ্ডিত ষ্টেশনারসে কৃষি পেনসনের ফরম পাওয়া যাচ্ছে।

## ওষুধ মিলছে না

সাগরদীঘি, ৯ জুলাই—সাগরদীঘি এলাকার সাধারণ ও মেহনতি মানুষ স্থানীয় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে প্রয়োজনীয় ওষুধ ও সুচিকিৎসা পাচ্ছেন না বলে অভিযোগ করেছেন। জরুরি বিভাগে ভর্তির ব্যাপারেও তাঁরা চিকিৎসকদের বিরুদ্ধে গাফিলতির কথা উল্লেখ করেছেন।

বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস

রেশমার বাস সারভিস

ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজার্ভ দেওয়া হয়।

দ্রুত আরোগ্যকারী
চর্ম্মরোগের মহৌষধ

চন্দ্র-মালতী (R)

( ম্যানুফ্যাকচারিং লাইসেন্স নং
এ, এল ৩৯৪ এম )

নিবেদনে—জুপলুনা ইণ্ডাষ্ট্রীজ
পোঃ রঘুনাথগঞ্জ, জিলা মুর্শিদাবাদ
পিন - ৭৪২২২৫

## হাসপাতালের খাদ্য পাচার

রঘুনাথগঞ্জ, ৭ই জুলাই—জঙ্গিপুর মহকুমা হাসপাতালের একজন জি ডি এ তার মেয়েকে দিয়ে রোগীদের জন্য বরাদ্দ খাবার থেকে দুধ ও সরষের তেল পাচারের সময় ধরা পড়ে। মোড়ের দোকানদাররা ওই তেল ও দুধ আটক করে হাসপাতাল কর্ত্তৃপক্ষের হাতে তুলে দেন। ভারপ্রাপ্ত এস ডি এম ও ডাঃ শঙ্কর চ্যাটারজি ঘটনাটি উর্ধ্বতন কর্ত্তৃপক্ষকে জানাবেন বলে প্রতিশ্রুতি দেন।

## ফুলতলায় হার ছিনতাই

নিজস্ব সংবাদদাতাঃ বুধবার রাত সোয়া নটা নাগাদ রঘুনাথগঞ্জ শহরের জনাকীর্ণ এলাকা ফুলতলায় জনৈকা বয়স্কা মহিলার গলা থেকে আড়াই ভরি সোনার হার ছিনতাই হয়। তিনজন ছিনতাইকারী সাঁকোর সামনে পথ অবরোধ করে ছিনতাই করে। এই ঘটনায় এবং ঘটনার পর পুলিশী নিষ্ক্রিয়তায় শহরে চাঞ্চল্যের সৃষ্টি হয়।

সবার প্রিয় চা—

চা ভাণ্ডার

রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

## টেণ্ডার

মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের অধীন প্রাথমিক ও নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ের ছাত্রীদের ফ্রক সরবরাহের জন্য নিম্ন স্বাক্ষরকারী সীলমোহর করা খামে টেণ্ডার আহ্বান করিতেছেন।

জামার কাপড়, সেলাই, বিক্রয় কর, স্কুল বোর্ড অফিসে পৌঁছানো সর্বপ্রকার খরচ ধরিয়া দর লিখিতে হইবে।

২৮শে জুলাই বেলা ২ ঘটিকা পর্যন্ত টেণ্ডার গ্রহণ করা হইবে এবং ঐদিনই খোলা হইবে।

টেণ্ডার বিষয়ে সমস্ত খবর অফিসের কাজের দিন বেলা ১১টা হইতে ২টা পর্যন্ত অফিস হইতে পাওয়া যাইবে।

শম্ভুনাথ সরকার
সভাপতি
এ্যাডহক কমিটি
জেলা স্কুল বোর্ড, মুর্শিদাবাদ।
পঞ্চাননতলা, বহরমপুর

Memo No. 1524 (6) Date 4. 7. 80

# কৃষকদের জন্য বার্ধক্য ভাতা প্রকল্প

পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগ আগামী ১লা সেপ্টেম্বর, ১৯৮০ সাল হইতে কৃষকদের জন্য বার্ধক্য ভাতা প্রকল্প চালু করিবার সিদ্ধান্ত লইয়াছে।

১। নিম্নলিখিত সর্তগুলি পূরণকারী ব্যক্তিগণই কেবলমাত্র কৃষি পেনসন পাইবার যোগ্য। ক) যিনি ২ একর পর্যন্ত জমির বর্গাদার ছিলেন, অথবা যিনি এক একর পর্যন্ত চাষযোগ্য জমির মালিক ঐ জমি নিজে চাষ করিতেন বা বর্তমানে করেন অথবা যিনি কৃষি মজুরের হিসাবে কাজ করিতেন বা করেন সংশ্লিষ্ট জে এল আর ওর নিকট হইতে নিজ বা বর্গা জমি সম্পর্কে সার্টিফকেট এবং গ্রাম পঞ্চায়েতের প্রধানের নিকট হইতে কৃষি মজুরের সার্টিফিকেট দিতে হইবে )। খ) যিনি পশ্চিমবঙ্গের বাসিন্দা এবং দরখাস্ত করিবার সময় একটানা অন্যূন ১০ বৎসর পশ্চিমবঙ্গে বসবাস করিতেছেন। গ) যাঁহার বয়স ৬০ বৎসর ( শারীরিক অক্ষম হইলে ৫৫ বৎসর ) বা তদূর্ধে ( সরকারী চিকিৎসকের নিকট হইতে বিধি বর্ণিত শারীরিক অক্ষমতার সার্টিফিকেট দিতে হইবে ) ( স্থানীয় এম এল এ বা পঞ্চায়েত সমিতির সভাপতির নিকট হইতে বয়সের সার্টিফিকেট দিতে হইবে ), ঘ) যাঁহাকে ভরণপোষণ করিবার কেহ নাই কিংবা এইরূপ কোন নিকট আত্মীয় থাকিলেও আবেদনকারীকে ভরণপোষণ করিবার ক্ষমতা তাহার নাই। ( মন্তব্য : পেশাদার ভিখারীরা এই ভাতা পাইবেন না )। ২। সাদা কাগজে নিম্নে প্রদত্ত নমুনা ফরমের অবিকল নকল করিয়া দরখাস্ত করা যাইবে, এবং দরখাস্ত ১৫-৭-৮০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট মহকুমা কৃষি আধিকারিকের কার্যালয়ে জমা দিতে হইবে। ৩। আবেদনকারী কৃষি পেনসন পাইবার উপযুক্ত বলিয়া বিবেচিত হইলে তাহাকে মরণকাল পর্যন্ত মাসিক ৬০ টাকা করিয়া পেনসন মঞ্জুর করা হইবে। ৪। কৃষি পেনসন মঞ্জুর হইলে সরকারী আদেশনামায় বর্ণিত তারিখ হইতে ডাকযোগে পেনসন বাবদ টাকা দরখাস্তকারীকে তিন মাস অন্তর পাঠান হইবে এবং টাকা পাঠাইবার খরচ সরকার বহন করিবেন। ৫। কৃষি পেনসন প্রাপককে তাঁহার বক্তব্য পেশ করিবার সুযোগ দিয়ে সরকার পেনসন সাময়িকভাবে বন্ধ বা বাতিল করিতে পারেন, যদি অনুসন্ধানান্তে দেখা যায় যে ক) অসত্য তথ্যের ভিত্তিতে পেনসন মঞ্জুর করা হইয়াছে, অথবা খ) যে অবস্থায় মঞ্জুর করা হইয়াছিল তাহার পরিবর্তন হইয়াছে, গ) পেনসন প্রাপক অন্য রাজ্যে বসবাস করিতেছেন অথবা ঘ) পেনসন প্রাপক দায়রা আইন অনুসারে কোন অপরাধে দণ্ডিত বা অন্য কোন বা অন্য কোন প্রকার অসদাচরণে দোষী সাব্যস্ত হইয়াছেন। ৬) কৃষি পেনসন প্রাপক তাঁহার ঠিকানার পরিবর্তন মহকুমা / জেলা কৃষি আধিকারিককে অবিলম্বে জানাইবেন।

## কৃষকদের বার্ধক্য ভাতার জন্য আবেদন পত্রের নমুনা

১। আবেদনকারীর নাম, ২। ক) পিতার/স্বামীর নাম : খ) দরখাস্ত করার সময় বয়স : গ) বর্তমান শারীরিক অবস্থা : ৩। আবেদনকারীর বর্তমান ও স্থায়ী ঠিকানা : ( গ্রাম, ডাকঘর, থানা, জেলা ) ৪। অর্থনৈতিক অবস্থা : ক) ১। বর্তমানে তিনি সর্বসমেত চাষযোগ্য যে জমির মালিক / বর্গাদার তাহার পরিমাণ ও বিস্তৃত বিবরণ ( মৌজা, দাগ নং, খতিয়ান নং মোট জমি ) ২। ঐ জমি তিনি নিজে চাষ করিতেন / করেন কি না : খ) বর্তমানে নিজের কোন আয় আছে কি না, থাকিলে তাহার বিবরণ : গ) অন্য কোন সূত্র হইতে সাহায্য পাইয়া থাকিলে তাহার পূর্ণ বিবরণ : ঘ) বর্তমানে কি প্রকারে ভরণপোষণ চলিতেছে : ৫। তপশীলভুক্ত জাতি উপজাতি কিনা : ৬। পশ্চিমবঙ্গে বসবাসের কাল : ৭। আবেদনকারীর পরিবারস্থ ব্যক্তিদের পূর্ণ বিবরণ : ক্রমিক নং, নাম, বয়স, পেশা, মাসিক আয়, ঠিকানা, আবেদনকারীর সহিত সম্পর্ক, মন্তব্য। ৮। আমি অঙ্গীকার করিতেছি যে, উপরোক্ত তথ্যাদি সত্য এবং আমার এরূপ কোন নিকট আত্মীয় নাই যাহার উপর আমি ভরণপোষণের প্রত্যাশা রাখি আমার নিকট আত্মীয় শ্রী / শ্রীমতী উপার্জ্জনশীল কিন্তু তাঁহারা আমাকে ভরণপোষণ করাইবার মত আর্থিক সঙ্গতি নাই।

তারিখসহ সনাক্তকারীর সহি আবেদনকারীর সহি / টিপসহি ও তারিখ
ঠিকানা পদ

( তথ্য ও সংস্কৃতি মুর্শিদাবাদ ) [ পশ্চিমবঙ্গ সরকার ]

## গাঁয়ের পুলের হাল

সাগরদীঘি, ৯ জুলাই—জরুর—আথুরা বাদশাহী সড়কে বন্দেশ্বরের বেলড়িয়া কঁাধার উপর একটি সেতু তৈরী করা হয়েছে। তার দু'পাশে মাটি ভরাট না করায় যানবাহন চলাচল বন্ধ হয়ে গিয়েছে। বর্ষায় পথচারীদের চলাফেরা করতেও নাকানি চুবানি খেতে হচ্ছে। গ্রামবাসীরা অবিলম্বে সেতুর দু'পাশে মাটি ভরাট করার জন্য বিভাগীয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছেন।

### মহকুমার সাতটি ব্লকের

( ১ম পৃষ্ঠার পর )

ইন্দিরা কংগ্রেস দলের কঠোর সমালোচনা করছেন বামফ্রন্টের শরিক দলগুলি। বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে পঞ্চায়েতের এই উপনির্বাচন এবং তার ফলাফলের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন গ্রাম্য সাধারণ।

### রেলসেতুর লোহা পাচার

( ১ম পৃষ্ঠার পর )

বিধ্বস্ত বগি দুটির লোহা-লক্কড়ও লোহাচোরেরা পাচার করেছে। এখন শুধু বগি দুটির খোলস পড়ে আছে। রেল কর্তৃপক্ষকে বহুবার জানিয়েও লোহা চুরি বন্ধ হয়নি। সেতুটির মেরামত সম্পূর্ণ না হওয়ায় গ্রামবাসীদের অসুবিধাও দূর হয়নি। রেল কর্তৃপক্ষ লোহাচোরদের ব্যাপারে একেবারে উদাসীন ও নীরব।

### যাদবদের উপর

( ১ম পৃষ্ঠার পর )

হয়নি। মাঝে একবার পুলিশ ক্যাম্প বসেছিল, তখন যাদব সম্প্রদায়ের নিরাপত্তা ফিরে এসেছিল। কিন্তু ক্যাম্প তুলে নেওয়ার পর অত্যাচার আরো বেড়েছে। যাদবসভার সম্পাদক ষষ্ঠীচরণ ঘোষ এক বিবৃতিতে জানিয়েছেন, বাইন্ধায় যাদব সম্প্রদায়ের নিরাপত্তার দাবিতে আন্দোলন গড়ে তোলা হবে।

**সংযোজন ঃ** রঘুনাথগঞ্জের সংবাদদাতা জানাচ্ছেন, বাইন্ধার ঘটনা সম্পর্কে পুলিশ সূত্রে বলা হয়েছে, বিচ্ছিন্ন কয়েকটী ঘটনাকে একত্রিত করে রাজনৈতিক রঙ চড়াবার চেষ্টা চালানো হচ্ছে। রঘুনাথগঞ্জ ১ নং পঞ্চায়েত সমিতির সভাপতি সত্যব্রত ঘোষ জানিয়েছেন, কিছুদিন আগে গ্রামে একবার অশান্তি দেখা দিয়েছিল। দুই দলে মারামারি হয়েছিল। এখন শান্তি বিরাজ করছে।

## বিদেশী মাল আটক

ধুলিয়ান, ৭ জুলাই—ধুলিয়ান কাসটমস গতকাল নিউ ফরাক্কার কাছে একটি বাস আটকে ২৯৫'৮০ মিঃ বিদেশী প্যান্টের কাপড়, ৯৩টি বিদেশী ছাতা ও ২৩টি ইলেকট্রিক চারজ টরচ লাইট উদ্ধার ও আটক করেন। ভারতীয় মুদ্রায় আটক করা বিদেশী মালের দাম প্রায় তিরিশ হাজার টাকা।

জঙ্গিপুরের এস ডি পি ও ২৮ জুলাই সকালে রঘুনাথগঞ্জ থানার কাশিয়াডাঙা থেকে ২১ গাঁট বিদেশী জামা-কাপড় আটক করেন।

### সর্পাঘাতে মা ও ছেলের মৃত্যু

রঘুনাথগঞ্জ, ৬ জুলাই—গতকাল গভীর রাত্রে এই থানার জোতকমল গ্রামে এক স্কুল শিক্ষকের স্ত্রী ও পুত্র সর্পদংশনে মারা যান। ঘুমন্ত অবস্থায় একটি বিষাক্ত সাপ উভয়কে দংশন করলে এই মর্মান্তিক মৃত্যু ঘটে।

### জায়গা দখল নিয়ে অশান্তি

ধুলিয়ান, ৮ জুলাই—সম্প্রতি ধুলিয়ানে জায়গা জবর দখল নিয়ে স্থানীয় ব্যবসায়ী কানাইলাল সান্থালিয়ার সঙ্গে সামসেরগঞ্জ থানার ওসি সুধাংশু দাসের এক গণ্ডগোলের সৃষ্টি হয়। খবরে প্রকাশ, কানাইলাল সান্থালিয়ার দীর্ঘ তের বছর ধরে ব্যবহার করা পুরসভার একটা জায়গা ওসি অন্য একজনকে দখল করার মদত জোগালে এ ব্যাপারে সান্থালিয়া বাধা দেন এবং ঘটনা মহকুমা শাসকের দৃষ্টিতে আনেন।

### এ ডি এম এর গাড়ী

( প্রথম পৃষ্ঠার পর )

করে। শেষ পর্যন্ত সিউড়ির কাছে গাড়ীটি ধরা পড়ে। ধরেন বীরভূমের জেলা শাসকের গাড়ীর চালক। গাড়ীটি চিনতে পেরে তিনি আরোহী-চালককে জিজ্ঞাসাবাদ করতে থাকেন এবং সন্দেহ হওয়ায় পুলিশের হাতে তুলে দেন।

### অপসারণের চেষ্টা

( প্রথম পৃষ্ঠার পর )

করা হয়েছে। তাঁদের বক্তব্য, আইন মোতাবেক প্রধান শিক্ষক পদে নিয়োগের পর কেন তাঁদের অপসারণের চেষ্টা চলছে তা তাঁরা জানেন না। ইতিমধ্যে তাঁদের ব্যাপারে এক প্রস্থ তদন্ত হয়ে গেছে। যদি তাঁদের অপসারণ করা হয়, তবে তাঁরা আইনের আশ্রয় নেবেন বলে জানিয়েছেন।

### মুর্শিদাবাদ জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক নির্বাচন

২২ জুন মুর্শিদাবাদ জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক পরিচালকমণ্ডলীর নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। জেলার বিভিন্ন প্রান্ত থেকে সমবায় সমিতির প্রতিনিধিরা যোগদান করেন। কর্মচারী ঋণদান সমিতির পক্ষ থেকে সত্যনারায়ণ চক্রবর্তী নির্বাচিত হন। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন সত্যনারায়ণ মণ্ডল, প্রশান্তকুমার সিংহ, ধর্মরঞ্জন ঘোষ, অতীন্দ্রনারায়ণ রায় ও শাজাহান আলী। এখানে উল্লেখ করা যেতে পারে, দীর্ঘ চার বছর ধরে সরকার মনোনীত সদস্যরা ব্যাঙ্কটি চালাচ্ছিলেন।


—প্রাপ্ত


সকলের প্রিয় এবং বাজারের সেরা

**ভারত বেকারীর প্রাইজ ব্রেড**

মিরাপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ





রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অরুন্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।